# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৪৫০৬

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس )

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - ছবি সম্পর্কে বর্ণনা

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَى رَجُلًا يَتْبَعُ حَمَامَةً فَقَالَ: «شَيْطَانٌ يَتْبَعُ شَيْطَانَةً» . رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاوُدَ وَابْنُ مَاجَهْ وَالْبِيهَقِيُّ فِي شُعَبِ الْإِيمَانِ

### বাংলা

৪৫০৬-[১৮] আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। একদিন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জনৈক ব্যক্তিকে দেখলেন, সে কবুতরের পিছনে দৌড়াচ্ছে (খেলা করছে)। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ এক শয়তান আরেক শয়তানের পিছনে ছুটছে। (আহমাদ, আবূ দাঊদ, ইবনু মাজাহ ও বায়হাক্বী- শু'আবুল ঈমান)[1]

### ফুটনোট

[1] হাসান সহীহ : আবূ দাঊদ ৪৯৪০, ইবনু মাজাহ ৩৭৬৪, ৩৭৬৫, সহীহুল জামি‘ ৩৭২৪, আল জামি‘উস্ সগীর ৬০৩৭, সহীহ আল আদাবুল মুফরাদ ১৩০০/৯৮২, মা‘রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাক্বী ৬১৫০, আহমাদ ৮৫৪৩, সহীহ ইবনু হিব্বান ৫৮৭৪, শু‘আবুল ঈমান ৬৫৩৪, আস্ সুনানুস্ সুগরা ৪৬৬৫।

### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (أَنَّ رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَى رَجُلًا يَتْبَعُ حَمَامَةً...) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জনৈক ব্যক্তিকে দেখলেন সে একটি কবুতরকে অনুসরণ করে তার পিছে পিছে দৌড়িয়ে খেলছে তখন তিনি বললেন, এক শয়তান আরেক শয়তানের অনুসরণ করছে। তাকে শয়তান বলার কারণ হলো, সে সত্য পথ থেকে দূরে রয়েছে এবং কাজে ব্যস্ত রয়েছে যাতে কোন কল্যাণ নেই। আর তা আল্লাহর স্মরণ থেকে গাফেল করছে এবং এমন কাজে ব্যস্ত রয়েছে যা তাকে দীন ও দুনিয়া অন্বেষণ থেকে অন্যদিকে ফিরিয়ে দিচ্ছে।

ইমাম নাবাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ কবুতরকে ডিম এবং বাচ্চা ফুটানোর কাজে অথবা শখের জন্য অথবা চিঠিপত্র বহন করার জন্য পালন করা জায়িয। কিন্তু তা দ্বারা খেলাধূলা করা মাকরূহ। তবে যদি কবুতর উড়িয়ে লটারী

দেয়া হয় তবে তার সামর্থ্য গ্রহণ করা হবে না। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75230

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন